JUSTICE AGENDA
NO TIME TO WAIT

অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/5/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ট্রান্সজেন্ডার ও লিঙ্গ বহির্ভূত ব্যক্তিদের স্বাস্থ্যসেবা সুরক্ষায় ফেডারেল সরকারের প্রস্তাবিত পূর্বাবস্থায় ফিরে যাওয়ার প্রতি নিউ ইয়র্কের বিরোধিতা ঘোষণা করেন

ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services, DFS)ডিভিশন অব হিউম্যান রাইটস (Division of Human Rights, DHR) এবং অফিস অব চিলড্রেন্স এন্ড ফ্যামিলি সার্ভিসেস (Office of Children and Family Services, OCFS) ইউ.এস. ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড হিউম্যান সার্ভিসেস (U.S. Department of Health and Human Services, DHHS) এর বিরোধিতা করে মন্তব্য জমা দেয় যা বৈষম্যের বিরুদ্ধে সুরক্ষা বিনষ্ট করবে ও এই ধরনের সীমাহীন বীমা বৈষম্য সুরক্ষা মেনে চলতে হবে

নিউইয়র্ক স্টেট হেলথ ডিপার্টমেন্ট, অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিস (Office for People with Developmental Disabilities, OPWDD) এবং অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health, OMH)ও এই সপ্তাহে মন্তব্য জমা দেবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ট্রান্সজেন্ডার ও লিঙ্গ বহির্ভূত ব্যক্তিদের স্বাস্থ্যসেবা সুরক্ষায় ফেডারেল সরকারের প্রস্তাবিত পূর্বাবস্থায় ফিরে যাওয়ার প্রতি বিরোধী বহু সংস্থা ঘোষণা করেছেন। নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস, ডিভিশন অব হিউম্যান রাইটস ও অফিস অব চিলড্রেন্স এন্ড ফ্যামিলি সার্ভিসেস ইউ. এস ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড হিউম্যান সার্ভিসেস এর প্রস্তাব বাতিল করার অনুরোধ জানিয়ে মন্তব্যগুলো জমা দিয়েছে যা ট্রান্সজেন্ডার ও লিঙ্গ বহির্ভূত ব্যক্তিদের জন্য বৈষম্য সুরক্ষাকে ক্ষতিগ্রস্ত করবে এবং সাশ্রয়ী মূল্যের পরিচর্যা আইন (Affordable Care Act, ACA) এর নিরপেক্ষতা রক্ষার সুরক্ষাগুলো মেনে চলতে হবে এমন ধরনের বীমা সীমাবদ্ধ করবে। স্টেট ডিপার্টমেন্ট অব হেলথ, অফিস ফর পিপল উইথ ডেভেলপমেন্টাল ডিসঅ্যাবিলিটিস এবং অফিস অব মেন্টাল হেলথ এই সপ্তাহে প্রস্তাবিত নিয়মের বিরোধিতা করে মন্তব্য জমা দেবে।

"ফেডারেল সরকার স্বাস্থ্যসেবা ও LGBTQ সম্প্রদায়ের উপর আক্রমণ চালিয়ে গেলেও, নিউ ইয়র্ক তার বিরুদ্ধে লড়াই করে চলেছে", **গভর্নর কুওমো বলেন।** "ওয়াশিংটনে যা কিছু ঘটুক না কেন - সমস্ত নিউ ইয়র্কবাসীকে বীমা বৈষম্য থেকে সুরক্ষিত করার জন্য আমরা এই বছর তাৎক্ষণিক পদক্ষেপ নিয়েছি - তবে এই প্রস্তাবিত রোলব্যাকটি আমাদের মূল্যবোধের পরিপন্থী ও এটি বন্ধ করতে হবে। নিউ ইয়র্কে, আমাদের মূল কথাটি হল: আমরা এই ক্ষতিকারক নিয়মকে ট্রান্সজেন্ডার

ও লিঙ্গ বহির্ভূত নিউ ইয়র্কবাসীদের স্বাস্থ্যসেবা সম্পর্কিত অধিকারের উপর প্রভাব ফেলতে দেব না।"

"আমরা LGBTQ সম্প্রদায়ের অধিকার রক্ষার জন্য আমাদের প্রচেষ্টার সাথে জাতির নেতৃত্ব অব্যাহত রেখেছি, GENDA পাস করা, রূপান্তর চিকিৎসা নিষিদ্ধকরণ, এবং সমকামী ও ট্রান্স আতঙ্ক প্রতিরক্ষা দূরীকরণ সহ", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "যখন আমাদের অগ্রগতি পূর্বাবস্থায় ফিরিয়ে নেওয়ার জন্য হুমকি দেয় এমন একটি ফেডারেল সরকারের বিরুদ্ধে লড়াই করি তখন সেই কাজটি অব্যাহত থাকে। LGBTQ অধিকার আন্দোলনের জন্মস্থান হিসেবে হোয়াইট হাউস থেকে বেরিয়ে আসা বৈষম্যমূলক নীতির বিরোধিতা করা এবং ট্রান্সজেন্ডার ও লিঙ্গ বহির্ভূত আমেরিকানদের জন্য অব্যাহত সুরক্ষা নিশ্চিত করার দায়িত্ব আমাদের।"

DFS এর সুপারইনটেনডেন্ট লিন্ডা এ. লেসওয়েল বলেন, "সরকারের কাজ হচ্ছে নাগরিকদের সমানভাবে বিবেচনা করা ও এই গুরুত্বপূর্ণ সুরক্ষা অপসারণ করা বৈষম্যের সমান। নিউ ইয়র্কে, আমরা আমাদের সকল লোকের, বিশেষত যারা ঐতিহাসিকভাবে বৈষম্যের শিকার হয়েছে তাদের সমর্থন করি ও আমরা ফেডারেল সরকারকেও এটি করার অনুরোধ করি।"

DHR এর কমিশনার অ্যাঞ্জেলা ফার্নান্দেজ বলেন, "যেসব ব্যক্তি জন্মের সময় যুক্ত করা লিঙ্গ সনাক্ত করেন না, তারা ইতোমধ্যেই অরক্ষিত, ব্যাপক বৈষম্য ও প্রান্তিকীকরণ সাপেক্ষে। স্বাস্থ্যসেবায় প্রবেশে বৈষম্য হ্রাস করা উচিত, বর্ধিত নয়। নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অব হিউম্যান রাইটস (NYSDHR) এর জনসাধারণের আবাসনের জায়গাগুলোতে বৈষম্য রোধ করার একটি বাধ্যবাধকতা রয়েছে ও নিউ ইয়র্ক স্টেট হিউম্যান রাইটস ল (New York State Human Rights Law) জোরদার করে গড়ে তুলতে হবে যা লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তির ভিত্তিতে বৈষম্যকে নিষিদ্ধ করে।"

OCFS এর কমিশনার শিলা জে. পুল বলেল, "লিঙ্গ পরিচয়ের উপর ভিত্তি করে অত্যাবশ্যক স্বাস্থ্যসেবাকে অস্বীকার করা, যৌন অভিমুখিতা বা প্রজনন স্বাস্থ্যের ক্ষেত্রে এবং জীবন পছন্দের ক্ষেত্রে নিন্দনীয় এবং শুধুমাত্র নিউ ইয়র্ক স্টেটের শিশু ও তরুণদের জন্য নয় বরং সারা দেশ জুড়ে সমগ্র জাতির উল্লেখযোগ্য শারীরিক, মানসিক এবং মনস্তাত্ত্বিক ক্ষতি ঘটাবে। এই বৈষম্যমূলক আক্রমণ অপছন্দনীয় ও অমার্জনীয়।"

স্বাস্থ্য দপ্তরের কমিশনার ডঃ হাওয়ার্ড জুকের বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট সব ধরনের বৈষম্য দূরীকরণের জন্য প্রতিশ্রুতিবদ্ধ এবং প্রস্তাবিত ফেডারেল কর্মকাণ্ডগুলো আমাদের অনেকগুলো অর্জনের বিপরীত পদক্ষেপ। এই অবৈষম্যের বিধানকে সাশ্রয়ী মূল্যের সেবা আইন থেকে অপসারণ করার মাধ্যমে, প্রস্তাবিত নিয়ম কার্যকরভাবে ট্রান্সজেন্ডার ও LGBTQ মানুষের বিরুদ্ধে বৈষম্যমূলক আচরণ অনুমোদন করবে, স্বাস্থ্যসেবার বাধাগুলো পুনর্নির্মাণ করে যা আমরা কঠিন পরিশ্রমের মাধ্যমে চূর্ণ করেছি।"

OPWDD এর কমিশনার থিওডর কাস্টনার, এমডি, এমএস বলেন, "উন্নয়নমূলক প্রতিবন্ধকতাসম্পন্ন ব্যক্তিরা ইতোমধ্যে তাদের দৈনন্দিন জীবনে বৈষম্যের অধীন। মিশ্রিত লিঙ্গ

বৈষম্যের সংযোগ ইতোমধ্যে ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর উপর আরো বৈষম্য নিয়ে আসে যা সুলভ স্বাস্থ্যসেবার উপর ব্যাপকভাবে নির্ভর করে।"

OMH এর কমিশনার ড. অ্যান সুলিভান বলেন, "সব নিউ ইয়র্কবাসীর মত ট্রান্সজেন্ডার ও LGBTQ ব্যক্তিদেরও একই মানের স্বাস্থ্যসেবা পাওয়ার অধিকার রয়েছে। হয়রানি, বৈষম্য এবং প্রত্যাখ্যানের অভিজ্ঞতার কারণে ট্রান্সজেন্ডার এবং LGBTQ ব্যক্তিরা বিষণ্নতা, আত্মঘাতী চিন্তা ও অন্যান্য মানসিক স্বাস্থ্য উদ্বেগের জন্য উচ্চতর ঝুঁকিতে রয়েছে। এই কমিউনিটির জন্য স্বাস্থ্যসেবা বৈষম্য ও প্রভেদ দূর করা সংকটপূর্ণ।"

14 জুন, 2019 ইউ.এস. ডিপার্টমেন্ট অব হেলথ এন্ড হিউম্যান সার্ভিসেস একটি নিয়ম প্রস্তাব করেছে যা একটি ফেডারেল নিয়ম বাতিল করবে যা যৌনতার উপর ভিত্তি করে বৈষম্যহীন সুরক্ষা সাশ্রয়ী সেবা আইনের লিঙ্গ পরিচয় সুরক্ষা ও যৌনতার উপর ভিত্তি করে সুরক্ষা স্টেরিওটাইপের মত আইনগুলো স্পষ্ট করে তোলে। যাইহোক, নিউ ইয়র্ক স্টেট হিউম্যান রাইটস আইনের অধীনে, লিঙ্গ পরিচয় বা মত প্রকাশের উপর ভিত্তি করে কর্মসংস্থান ও লাইসেন্সকরণ, সরকারি আবাসস্থল (যার মধ্যে রয়েছে স্বাস্থ্যসেবা প্রদানকারী), বাসস্থান, শিক্ষা ও ঋণ বৈষম্য নিষিদ্ধ। যখন নিউ ইয়র্ক স্টেট আইন ফেডারেল সরকারের প্রস্তাবিত পরিবর্তনের বিরুদ্ধে প্রতিরক্ষা করবে, তখন এই পরিবর্তন, কার্যকর হলে, তা ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর উপর একটি অতিরিক্ত নিয়ন্ত্রক ভার আরোপ করবে কারণ অনেক বীমা সংস্থা তাদের অবৈষম্য নীতিমালা ফিরিয়ে আনার চেষ্টা করবে। প্রস্তাবিত এই নিয়মটি স্বাস্থ্যসেবা প্রদানকারী ও গ্রহণকারীর মধ্যে বিভ্রান্তি সৃষ্টি করার মাধ্যমে স্বাস্থ্যসেবা শিল্পের উপর নেতিবাচক প্রভাব ফেলবে এবং একই সাথে প্রবেশাধিকার এবং সেবার মানের উপরও নেতিবাচক প্রভাব ফেলবে।

আজ DFS প্রস্তাবিত বিধির যুক্তি দিয়ে একটি চিঠি ইস্যু করে:

- যৌন বৈষম্যের সংজ্ঞা থেকে লিঙ্গ বৈষম্য ও যৌন স্টেরিওটাইপ সরিয়ে দেয় এবং ঐতিহাসিকভাবে বৈষম্যের সম্মুখীন হওয়া ব্যক্তিদের সুরক্ষার পরিধি হ্রাস করে।
- সেন্টার ফর মেডিকেয়ার অ্যান্ড মেডিকেইড সার্ভিসেস (Centers for Medicare and Medicaid Services, CMS) এর তত্ত্বাবধানে অন্যান্য বিধানগুলোর নিয়ন্ত্রণ কেন্দ্র থেকে যৌন অভিমুখিতা এবং লিঙ্গ বৈষম্যের উপর ভিত্তি করে অতিরিক্ত বৈষম্যহীন সুরক্ষা বর্জন করার প্রস্তাব করে।
- বৈষম্য চিহ্নিতকরণ বিজ্ঞপ্তি বিধান নির্মূল করার মাধ্যমে, উল্লেখযোগ্য সংখ্যক ব্যক্তির ক্ষতি করে, ইংরেজিতে স্বল্প দক্ষ ব্যক্তির (limited English proficiency, LEP) স্বাস্থ্য সেবার প্রবেশাধিকার কমিয়ে আনে, HIV/AIDS এবং অন্যান্য গুরুতর স্বাস্থ্য অবস্থার ব্যক্তির সাথে বৈষম্যমূলক আচরণ করে এবং গর্ভপাত সেবার প্রবেশাধিকার কমিয়ে আনে।

ডিপার্টমেন্ট অব ফাইন্যান্সিয়াল সার্ভিসেস এর আগে প্রদানকারীদের, তাদের জেন্ডার ডিস্ফোরিয়া এর জন্য প্রয়োজনীয় সব ধরনের চিকিৎসা দিতে হবে; যৌন অভিমুখিতা বা বৈবাহিক অবস্থা নির্বিশেষে

বন্ধ্যাত্ব চিকিৎসা প্রদান করতে হবে; HIV সংক্রমণ প্রতিরোধের জন্য PrEP প্রদান করতে হবে; এবং এই প্রদানকারীরা কাজের স্থানকে অস্বীকার করতে পারবেন না কারণ ব্যক্তির লিঙ্গের সাথে এমন কারও লিঙ্গ মেলে না যাদের কাছে ওই সেবা সাধারণত দেওয়া হয়, এসব পরামর্শ প্রদান করে বিজ্ঞপ্তি জারি করেছে।

স্বাস্থ্যসেবার ক্ষেত্রে লিঙ্গ বৈষম্যের উপর ভিত্তি করে পরিব্যাপ্ত বৈষম্যের প্রতিক্রিয়ায় NYSDHR কিভাবে নিউ ইয়র্কবাসী হাসপাতাল দ্বারা লিঙ্গ পরিচয় বৈষম্য থেকে সুরক্ষিত তা তুলে ধরে জনসাধারণের কাছে একটি পথনির্দেশ নথি জারি করে। এই নথিটি স্পষ্ট করে: লিঙ্গ বৈষম্য বা মত প্রকাশের কারণে হাসপাতালে সমান প্রবেশাধিকার অস্বীকার করা বেআইনি; ট্রান্সজেন্ডার ব্যক্তি অনভ্যর্থিত বা আপত্তিকজনক তা ইঙ্গিত করা; ট্রান্সজেন্ডার ব্যক্তির আইনগত নাম ব্যবহার করতে অস্বীকৃতি; একজন ট্রান্সজেন্ডার ব্যক্তিকে সেই ব্যক্তির অনুরোধ করা সর্বনাম দ্বারা উল্লেখ করতে অস্বীকার করা; একটি ব্যক্তির লিঙ্গ পরিচয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিশ্রাম কক্ষ বা অন্যান্য সুবিধার ব্যবহার অস্বীকার; কোনও ট্রান্সজেন্ডার ব্যক্তি বৈষম্যের অভিযোগ করার কারণে ঐ ব্যক্তির চিকিৎসা করতে অস্বীকার করা।

অফিস অব চিলড্রেন এন্ড ফ্যামিলি সার্ভিসেস এবং নিউ ইয়র্ক স্টেটে শিশু কল্যাণ, এবং পালানো ও গৃহহীন তরুণদের নিয়ে কর্মসূচি নিয়ন্ত্রণ করে। সামাজিক ও পারিবারিক প্রত্যাখ্যানের কারণে LGBTQ তরুণরা শিশু কল্যাণ ও পালানো ও গৃহহীন তরুণদের আশ্রয়স্থলে শেষ পর্যন্ত প্রতিনিধিত্ব করছে। তারা মানসিক স্বাস্থ্য বিষয়ে, অপব্যবহারে বেশি মাত্রায় ভোগেন, খুব সম্ভবত যৌন সহবাস করতে বাধ্য হয় এবং স্কুলে নির্মমভাবে পীড়িত হয় বা মারামারি করেন। এই তরুণদের অনেকেরই মানসিক আঘাতের উল্লেখযোগ্য ইতিহাস রয়েছে এবং বাড়িতে অসদাচরণ, অবহেলা, নির্যাতন বা সহিংসতার অভিজ্ঞতা রয়েছে। জটিল স্বাস্থ্য এবং মানসিক স্বাস্থ্য সেবা অস্বীকার করা হলে তা এই তরুণদের অনেকেরই প্রাপ্ত অভিজ্ঞতাকে বাড়িয়ে তুলবে। যেহেতু রাষ্ট্রীয় সংস্থা এই ঝুঁকিপূর্ণ তরুণদের সেবা সংস্থানের তত্বাবধান করে, তাই তাদের অধিকার রক্ষার দায়িত্ব এই এজেন্সির ওপর পড়ে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন